

সার্ভার জটিলতায় বিএম কলেজের ৩শ' শিক্ষার্থীর ফল স্থগিত

বরিশাল ব্যুরো

সার্ভার জটিলতার কারণে স্থগিত রয়েছে সরকারি বিএম কলেজের অনার্স প্রথম বর্ষের ৩শ' শিক্ষার্থীর ফল। উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা ও মৃত্তিকাবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের নন মেজর রসায়নের ব্যবহারিক নম্বর বিশ্ববিদ্যালয়ের অনলাইন সার্ভারে অ্যাাক্রি না হওয়ায় এ বিপর্যয় ঘটেছে বলে জানিয়েছে কলেজ কর্তৃপক্ষ। তবে অপর এক শিক্ষক দাবি করেছেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন সার্ভার ক্রাশ করার কারণে ভোগান্তিতে পড়েছেন তিন বিভাগের শিক্ষার্থীরা। উদ্ভিদবিদ্যা বিভাগের প্রধান সহযোগী অধ্যাপক মো. রফিকুল ইসলাম জানান, ১২ অক্টোবর অনার্স প্রথম বর্ষের ফল প্রকাশ করা হয়। তবে এ বিভাগের ১১৮ শিক্ষার্থীর ফল স্থগিত আসে। একই ধরনের ফল এসেছে প্রাণিবিদ্যা ও মৃত্তিকাবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদেরও। তিনি বলেন, তিনটি বিভাগের নন মেজর রসায়নের ব্যবহারিক নম্বর অনলাইনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্ভারে অ্যাাক্রি না হওয়ায় এ সমস্যা হয়েছে। রসায়ন বিভাগের প্রধান প্রফেসর জোমান্দার দেলোয়ার হোসেন জানান, তারা অনলাইনে পরীক্ষার ফল পাঠিয়েছিলেন। কিন্তু জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্ভার ক্রাশ করেছে। তাই ৩০০ শিক্ষার্থীর ফলে জটিলতা সৃষ্টি হয়েছে। অধ্যক্ষ প্রফেসর স. ম ইমানুল হাকিম বলেন, তারা এরই মধ্যে রসায়নের ব্যবহারিক নম্বরের হার্ডকপি ডাকযোগে এবং অনলাইনের মাধ্যমে সার্ভারেও পাঠিয়েছেন। বিষয়টি দ্রুত সমাধান হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার মো. মঞ্জুর বলেন, সার্ভার জটিলতার কারণে ফল স্থগিত রাখা হয়েছে। শিক্ষার্থী বা কলেজ কর্তৃপক্ষ আবেদন করলে পরবর্তী সময়ে আবারও ফল দেয়া হবে।